

ধূমপায়ীদের উদ্দেশ্যে খোলাচিঠি

প্রিয় ধূমপায়ী বন্ধুরা,

তোমরা ধূমপান করলে আমার কিছু যায় আসে না। এটা তো তোমাদের অধিকার এবং আমি তা শ্রদ্ধা করি। এটা তো তোমাদের জীবন, এবং তোমাদের স্বাস্থ্য যা অদূরভবিষ্যতে ধূমপানের ফলে চরম পীড়িত হয়- তা হোক গো।

আমি বুঝি যে তোমরা একটা কিম্বা দুটো অথবা এক প্যাকেট সিগারেট না খেলে দিন কাটাতে পারো না। এবং আমি জানি যে তোমাদের টাকা তোমরা যেভাবে খুশি ওড়াতে পারো। তা একটু টাকা নষ্ট হোলই বা।

কিন্তু বন্ধুরা, আমার খুবই খারাপ লাগে যখন দেখি তোমরা আমাদের চারপাশে ধূমপান কর।

কারণ আমি বুঝতে পারি না কেন তোমরা এত অসতর্ক হোয়ে আমাদের শুদ্ধ বায়ুতে নিশ্বাস নেবার অধিকারের প্রতি অশ্রদ্ধা প্রকাশ করছ।

আমি জানি যে তোমরা ধূমপানের গন্ধ এবং তা নিশ্বাসে নেবার অনুভব কে খুবই পছন্দ কর। কিন্তু তোমাদের চারপাশে এমন অনেক মানুষ বাসবাস করেন যাদের কাছে ধূমপান একেবারেই নাপসন্দ।

আমরা তোমাদের ধূমপানের অধিকারকে শ্রদ্ধা করি কারণ তোমরা আমাদের বন্ধু। কিন্তু বদলে তোমরাও কি আমাদের আধিকারকে শ্রদ্ধা দেখাবে না?

সুস্বাস্থ্যের অধিকারী হয়ে ভালবাসার মানুষের ও পরিবারের অন্যান্য
সকলের সাথে দীর্ঘ জীবন কাটানো আমার অধিকার।

বিনীত নিবেদনে
তোমাদের অধিকারের প্রতি শ্রদ্ধাশীল

বন্ধু যে ধূমপান অপছন্দ করে।